

**লংকাবাংলা ফাইন্যান্স লিঃ ও ইউনিয়ন ডেভেলপমেন্ট এন্ড টেকনোলজিস লিঃ এর মধ্যে
সমঝোতা চুক্তি স্বাক্ষর**



সম্প্রতি লংকাবাংলা ফাইন্যান্স লিঃ এর হেড অফ রিটেইল ফাইন্যান্স খোরশেদ আলম এবং ইউনিয়ন ডেভেলপমেন্ট এন্ড টেকনোলজিস লিমিটেড এর জেনারেল ম্যানেজার (অপারেশনস্) জনাব সৈয়দ মোজহারউজ্জামান নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর করেন। এই চুক্তির মাধ্যমে ইউনিয়ন ডেভেলপমেন্ট এন্ড টেকনোলজিস লিঃ এর গ্রাহকেরা সহজ শর্তে ও বিশেষ সুবিধায় লংকাবাংলা ফাইন্যান্স থেকে হোম ও মর্টগেজ লোন সুবিধাদি পাবেন এবং ইউনিয়ন ডেভেলপমেন্ট এন্ড টেকনোলজিস লিঃ থেকে অ্যাপার্টমেন্ট/কমার্শিয়াল স্পেস ক্রয়ের জন্য লংকাবাংলা ফাইন্যান্স এর গ্রাহকগণ ও কর্মকর্তাবৃন্দ বিশেষ ছাড় পাবেন।

অনুষ্ঠানে লংকাবাংলা ফাইন্যান্স লিঃ এর সিনিয়র ম্যানেজার, হোম অ্যান্ড মর্টগেজ লোন, মোঃ শাহরিয়ার পারভেজ এবং ইউনিয়ন ডেভেলপমেন্ট এন্ড টেকনোলজিস লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক শেখ আবুল হাশেম সহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।